প্রক্টর (ভারপ্রাপ্ত)
জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
মেলান্দহ, জামালপুর - ২০১২
মোবাইল: 01711364467,01712585277, 01767954884

Proctor (In-Charge)
Jamalpur Science and Technology
University Melandaha, Jamalpur-2012
Email: shadiqur@jstu.ac.bd

স্মারক: জাবিপ্রবি / প্রক্টর/ ২০২৬ ০৩০২

তারিখ: ৩০ জুলাই, ২০২৬/১৫ শ্রাবণ, ১৪৩৩

# র‍্যাগিং ও বুলিং প্রতিরোধ সংক্রান্ত বিজ্ঞপ্তি

জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় একটি নিরাপদ, মর্যাদাপূর্ণ, অন্তর্ভুক্তিমূলক এবং বৈষম্যহীন শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে বদ্ধপরিকর। অতএব,

১। জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং ও বুলিং এর বিরুদ্ধে শূন্য সহনশীলতা বা **Zero Tolerance** নীতি অনুসরণ করা হবে।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় প্রণীত র‍্যাগিং ও বুলিং প্রতিরোধ সংক্রান্ত নীতিমালা এবং বিশ্ববিদ্যালয়ের প্রচলিত আইন ও শৃঙ্খলা বিধি অনুসারে আবাসিক হল, পরিবহন, মাঠ, সাংস্কৃতিক বা ক্রীড়া কার্যক্রম, শিক্ষা সফর, অনলাইন প্ল্যাটফর্মসহ বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট যেকোনো স্থানে ও কার্যক্রমে র‍্যাগিং ও বুলিং সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

৩। শারীরিক, মানসিক, মৌখিক, সামাজিক বা সাইবার হয়রানি, ভীতি প্রদর্শন, অপমান, জবরদস্তি, হুমকি প্রদান বা যেকোনো আক্রমণাত্মক আচরণ র‍্যাগিং বা বুলিং হিসেবে বিবেচিত হবে।

৪। র‍্যাগিং বা বুলিংয়ের শিকার হলে অথবা এ ধরনের ঘটনার প্রত্যক্ষদর্শী হলে অবিলম্বে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান, হল প্রভোস্ট, প্রক্টরের কার্যালয় অথবা ছাত্র পরামর্শ ও নির্দেশনা কেন্দ্রে অভিযোগ করতে হবে।

৫। লিখিতভাবে অথবা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অফিসিয়াল ই-মেইলের (shadiqur@jstu.ac.bd) মাধ্যমে অভিযোগ দাখিল করা যাবে।

৬। অভিযোগকারীর পরিচয় ও অভিযোগ সংক্রান্ত সকল তথ্য যথাযথ গোপনীয়তার সঙ্গে সংরক্ষণ করা হবে এবং দ্রুত তদন্তের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। র‍্যাগিং বা বুলিংয়ে অংশগ্রহণ, প্ররোচনা, উৎসাহ প্রদান, সহযোগিতা করা অথবা এ ধরনের ঘটনা গোপন করার চেষ্টা সবই সমানভাবে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

৮। অভিযোগ প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত আইন, বিধি ও শৃঙ্খলা বিধান অনুযায়ী সতর্কীকরণ, জরিমানা, আবাসিক হল থেকে বহিষ্কার, একাডেমিক কার্যক্রম থেকে সাময়িক বা স্থায়ী বহিষ্কারসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনে প্রচলিত আইনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সহায়তা গ্রহণ করা হবে।

৯। সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীর সম্মিলিত সহযোগিতায় র‍্যাগিং ও বুলিংমুক্ত, নিরাপদ, মর্যাদাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক পরিবেশ গড়ে তুলতে সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য আহ্বান জানানো হচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

৩০/০৭/2026

**প্রক্টর (ভারপ্রাপ্ত)**
জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। রেজিস্ট্রার, জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২। সকল বিভাগের চেয়ারম্যান/চেয়ারপারসন (বিভাগের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৩। সকল হলের প্রভোস্ট (যদি প্রযোজ্য হয়)।
৪। পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা কেন্দ্র।
৫। পরিচালক, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও অফিসিয়াল সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস নথি।

CS Scanned with CamScanner